

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মতার্থিকী উদ্যাপন সফল হোক”



বাংলাদেশ পেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[মূল্য সংযোজন করা]

বিশেষ আদেশ

তারিখ : ২৯ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/১২ মে ২০২০ খ্রিস্টাব্দ

নং ১২/মূসক/২০২০—যেহেতু, প্রজাপন এসআরও নং-৩১৯-আইন/২০১৯/৮১-মূসক, তারিখ: ১৩ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ এর মাধ্যমে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, জাতিসংঘত্বক সংস্থা, দূতাবাস, বিশেষ সুবিধাপ্রাপ্ত ব্যক্তি ও সংস্থা কর্তৃক আমদানিকৃত পণ্য এবং আইন ও চুক্তির মাধ্যমে সরকার কর্তৃক অব্যাহতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ও সংস্থা কর্তৃক বিক্রয় বা হস্তান্তরের জন্য নহে এমন আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে আগাম কর অব্যাহতি প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু, সরকারি সংস্থা হিসেবে পেট্রোবাংলা কর্তৃক আমদানিকৃত এলএনজি’র বিপরীতে আগাম কর পরিশোধ করিতে হয় না। কিন্তু, উক্ত প্রজাপনটি জারির পূর্বে এলএনজির যেই সকল চালান আমদানি করা হইয়াছিল সেই সকল চালানের ক্ষেত্রে আমদানি পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশ আগাম কর আরোপিত হইয়া যায়;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকারি সংস্থা হিসেবে পেট্রোবাংলা কর্তৃক ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ হইতে প্রজাপন এসআরও নং-৩১৯-আইন/২০১৯/৮১-মূসক, তারিখ: ১৩ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ জারির পূর্ব এলএনজির যেই সকল চালান আমদানি করা হইয়াছিল শুধুমাত্র সেই সকল চালানের বিপরীতে প্রযোজ্য আমদানি পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশ আগাম কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন  
প্রথম সচিব (মূসক মীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(৫৭৮৯)

মূল্য : টাকা ৪.০০